আইএসএলে আজ

এটিকে বনাম
নর্থ-ইস্ট ইউনাইটেড
সময় ঃ রাত ৮টা
স্থান ঃ ইন্দিরা গান্ধি অ্যাথলেটিক স্টেডিয়াম, গুয়াহাটি

অজয়ে সেমিতে হার উত্তরবঙ্গের

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ অজয় ঘোষ ট্রফি আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেটে সেমিফাইনাল থেকে বিদায় নিল উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়। খড়্গাপুরে বৃহস্পতিবার তারা ৫ উইকেটে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে হেরে যায়। হারের জন্য উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কোচ রমেন্দ্রনারায়ণ মিশ্র ম্যাচে অন্যতম আম্পায়ার মোহন সাহাকে দায়ী করেন। বলেছেন, 'আম্পায়ারিংয়ের পক্ষপাতিত্বের শিকার আমরা। এদিন পরিষ্কার তিনটি সিদ্ধান্ত আমাদের বিরুদ্ধে গিয়েছে। দিনের শুরুতেই কলকাতা ৯৫ রানের স্কোরে থাকার সময় দুটি কট বিহাইন্ড মোহন সাহা নটআউট দিয়ে দেন। পরে একটি রানআউটও দেওয়া হয়নি। শুধু আজ নয়, গতকাল আমাদের ইনিংসের সময় শুভজিৎ রায় ও সাগ্নিক সাহার পার্টনারশিপ গড়ে ওঠার মুখে ব্যাটে বল লাগার পরও সাগ্নিককে এলবিডবলিউ দিয়ে দেন তিনি।' বুধবার ৬১ ওভারে উত্তরবঙ্গের ইনিংস ১৯৫ রানে শেষ হয়। পঙ্কজ গুপ্তা ৪১, সুরজিৎ রায় ৩৫ ও দীপায়ন রায় ৩০ রান করেন। জবাবে কলকাতা প্রথম দিন শেষ করে ২৬ ওভারে ৩ উইকেটে ৯১ রান নিয়ে। এদিন ২১.১ ওভার খেলার পর ৫ উইকেটে ১৯৭ রানে পৌঁছে যায় কলকাতা। সম্রাট হোসেন ৩ উইকেট পেয়েছেন। সাগ্নিক ও বিজয় শর্মা নিয়েছেন একটি উইকেট করে। উত্তরবঙ্গ গ্রুপে কল্যাণী বিশ্ববিদ্যালয়, খড়্গাপুর আইআইটির বিরুদ্ধে জয় পায়। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে হেরে তারা গ্রুপে দ্বিতীয় হয়ে নকআউটে পৌঁছায়।

সুব্রত কাপ টি২০ শুরু আজ

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ উত্তরবঙ্গ উৎসবের অঙ্গ সুব্রত সংঘের সুব্রত কাপ টি২০ ক্রিকেট শুক্রবার তরাই স্কুলের মাঠে শুরু হবে। সুব্রতর সভাপতি ভাস্কর বিশ্বাস জানিয়েছেন, উদ্‌বোধনী ম্যাচে জলপাইগুড়ির বর্ধন প্রাঙ্গণের মুখোমুখি হবে বাঘাযতীন অ্যাথলেটিক ক্লাব। পরে আঠারোখাই সরোজিনী সংঘ খেলবে অগ্রগামী সংঘের সঙ্গে। প্রতিযোগিতার অন্য চার দল- অসমের রেলওয়ে ওয়ার্কশপ এসসি, কাটিহার রেলওয়ে, কোচবিহারের এমজেএন ক্লাব ও জিটিএস ক্লাব। ফাইনাল সোমবার। আসরে চ্যাম্পিয়ন দল সুনীলকুমার ভৌমিক ট্রফি ও ৩০ হাজার টাকা পাবে। রানার্সদের জন্য থাকছে রঞ্জিত পাল ট্রফি ও ২০ হাজার টাকা। ফেয়ার প্লের জন্য দেওয়া হবে মহেন্দ্রচন্দ্র দাস ট্রফি ও ৮ হাজার টাকা। এছাড়া প্রতিটি ম্যাচে সেরার পুরস্কার দেওয়া হবে। থাকবে টুর্নামেন্ট সেরার পুরস্কার। সেরা ব্যাটসম্যান, বোলার, উইকেটরক্ষককেও পুরস্কৃত করা হবে। প্রতিযোগিতার উদ্‌বোধন করবেন রাজ্যের পর্যটনমন্ত্রী গৌতম দেব।

হিমাচলের ভলি শুরু আজ

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ উত্তরবঙ্গ উৎসবের অঙ্গ হিমাচল সংঘের ৮ দলীয় ভলিবল শুক্রবার পাইপলাইন মাঠে শুরু হবে। হিমাচলের সচিব মৃণালকান্তি রায় জানিয়েছেন, প্রতিযোগিতায় বিশাখাপত্তনমের ইস্ট কোস্ট, মালিগাঁওয়ের এনএফ রেলওয়ে, কলকাতার ইনকাম ট্যাক্স, ইস্টার্ন রেল, কলকাতা পুলিশ, পাটনা সুপার সিক্স, বিহার পুলিশ ও কদমতলা বিএসএফ অংশ নেবে। ফাইনাল শনিবার। চ্যাম্পিয়ন দল স্বদেশ ঘোষ ট্রফি পাবে। রানার্সদের জন্য থাকছে সুরেন্দ্রকুমার ব্রহ্ম ট্রফি। সেকেন্ড রানার্সদের দেওয়া হবে চিনুরানি সরকার ট্রফি। ফেয়ার প্লে-র জন্য থাকছে রঞ্জন বিশ্বাস ট্রফি। প্রতিযোগিতার উদ্‌বোধন করবেন রাজ্যের পর্যটনমন্ত্রী গৌতম দেব।

সেমিতে নবোদয়

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের হিমাল-তরাই-ডুয়ার্স উৎসবে ফুটবলে সেমিফাইনালে উঠল নবোদয় সংঘ, রয়্যাল এফসি, বসুন্ধরা স্পোর্টিং ক্লাব ও বাগডোগরা স্পোর্টিং ক্লাব। নবোদয় ১-০ গোলে নবাঙ্কুর সংঘকে হারিয়েছে। গোল করেন তাপস মণ্ডল। রয়্যাল ২-১ গোলে ডায়মন্ড ক্লাবের বিরুদ্ধে জয় পায়। বসুন্ধরা টাইব্রেকারে ৫-৩ গোলে বাঘাযতীন স্পোর্টিং ক্লাবকে হারিয়েছে। নির্ধারিত সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। অন্য ম্যাচে নিউ কলোনি স্পোর্টিং ক্লাবের বিরুদ্ধে জয় পায় বাগডোগরা। সেমিফাইনাল ও ফাইনাল শুক্রবার পুলিশ কমিশনারেটের মাঠে অনুষ্ঠিত হবে।

নকশালবাড়ির ১১৮

নকশালবাড়ি, ১১ জানুয়ারি ঃ দার্জিলিং জেলা পুলিশের ২১ কিলোমিটার হাফ ম্যারাথনে অংশ নিতে নকশালবাড়ি থানার অধীন ১১৮ জন প্রতিযোগী বৃহস্পতিবার সুখিয়াপোখরির উদ্দেশ্যে রওনা হয়েছেন। শুক্রবার সেখান থেকে দৌড়টি শুরু হবে। নকশালবাড়ি থানার ওসি তপন পাল জানিয়েছেন, ৩৪ জন সিভিক ভলান্টিয়ার সহ ১১৮ জন তাদের এখান থেকে দৌড়ে অংশ নেবে।

শনিবার হয়তো আসছেন ড্রুডু

অর্ণব-এড়ুদের ভাবনায় আইজল

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি ঃ টলমল মোহনবাগান শিবিরের বিরুদ্ধে দিন দশেক পরে ডার্বি। তাও এখনই বড়ো ম্যাচের কোনো হিসেবনিকেশ নেই ইস্টবেঙ্গলে। লাল-হলুদ শিবিরের ভাবনায় এখন শুধুই আইজল ম্যাচ। এখনও পর্যন্ত অ্যাওয়ে পর্ব থেকে গুরুত্বপূর্ণ চার পয়েন্ট হাতছাড়া হয়েছে। ইতিমধ্যে কম ম্যাচ খেলে ইস্টবেঙ্গলকে টপকে শীর্ষে পৌঁছে গিয়েছে মিনার্ভা। তাই আই লিগের চ্যাম্পিয়নশিপের লড়াইয়ে থাকতে গেলে যে যথাসম্ভব কম পয়েন্ট খোয়াতে হবে এটা জানেন পোড়খাওয়া দুই ডিফেন্ডার অর্ণব ও এড়ু। বৃহস্পতিবার ক্লাব ছাড়ার মুখে লাল-হলুদ অধিনায়ক পরিষ্কার বলে গেলেন, 'আইজল ম্যাচ ও ডার্বিতে তিন পয়েন্ট করে চাই আমাদের। বড়ো ম্যাচে নামার আগে তিন পয়েন্ট খুইয়ে ফেললে চাপে পড়ে যাব। তাই আইজল ম্যাচে সর্বোচ্চ পয়েন্ট ঘরে তোলা ছাড়া এই মুহূর্তে আর কিছু নিয়ে ভাবছি না।'

লাল-হলুদের রক্ষণে অর্ণবের সতীর্থ এড়ুর গলাতেও একই সুর। তাঁর বক্তব্য, 'আই লিগে বাকি নয়টা ম্যাচকেই ফাইনাল হিসেবে দেখছি আমরা। আপাতত আইজলের বিরুদ্ধে জিততে হবে। তারপর বাকি ম্যাচগুলো নিয়ে ভাবনা। প্রথম লেগের ম্যাচে আইজলের বিরুদ্ধে যখন খেলেছিলাম, তখন আমাদের দলের মধ্যে সেভাবে পুরো বোঝাপড়াটা তৈরি হয়নি। এখন সেটা দারুণভাবে তৈরি হয়েছে। তাই চিন্তিত নই।' মিনার্ভার এক নম্বরে পৌঁছে যাওয়াটাকে সেভাবে গুরুত্ব না দিয়ে চ্যালেঞ্জের সুরে অর্ণবের বক্তব্য, 'এখন লিগের প্রথম পর্ব শুধু শেষ হয়েছে। এক-দুইতে এখন কারা রয়েছে, সেটা নিয়ে খুব একটা ভাবার কিছু নেই। লিগে অনেক ওঠাপড়া হবে, আর মিনার্ভার সঙ্গে আমাদের দুটো ম্যাচ কিন্তু বাকি রয়েছে এখনও।' হালকা চোট থাকা আমনা ও প্লাজা ছাড়া এদিন পুরো ইস্টবেঙ্গল দলই অনুশীলন করেছে। আমনা তাঁর শারীরিক অবস্থা বা আইজলের বিরুদ্ধে খেলতে নামার প্রসঙ্গে অবশ্য মুখ খুলতে চাইলেন না। যদিও অধিনায়ক অর্ণব মণ্ডল অবশ্য জানিয়ে গেলেন, 'দলের সবাই ফিট রয়েছে। এটাই এখন আমাদের কাছে সবথেকে স্বস্তির। সবার ফিটনেস ভালো জায়গায় থাকলে তবেই পরের ম্যাচগুলোতে দলে বেশি পরিবর্তন করতে হবে না। প্লাজার চোটের পরে যেমন কিছুটা অসুবিধা হয়েছিল।' উইলিস প্লাজার চোট অনেকটা সেরে উঠলেও সামনে আরও ম্যাচ থাকায় তাঁকে সাবধানে ব্যবহার করতে চাইছে ইস্টবেঙ্গল। অর্ণব যে প্রসঙ্গে বলছিলেন, 'তাড়াহুড়ো করে নামিয়ে চোট বাড়ুক সেটা চাই না। সামনে এখনও নয়টা ম্যাচ রয়েছে।' দুটো ম্যাচে পয়েন্ট খোয়াবার জন্য শুধুই ডিফেন্সের দোষ রয়েছে মানতে চাইলেন না এড়ু। বরং ভাগ্যকে দোষ দিয়ে তাঁর সংযোজন, 'সেরাটা দিয়েই লড়াই করছি। দরকার একটু ভাগ্যের সাহায্য।' এদিকে, কয়দিনের মধ্যে ছেঁটে ফেলার কথা থাকলেও এদিন অনুশীলনে এসেছিলেন চার্লস। যদিও তিনি অনুশীলনে নামেননি। জিমে সময় কাটান। পরে খালিদ জামিল আলাদা করে তাঁকে ঘরে ডেকে কথাও বলেন। কোচের সঙ্গে শেষ সাক্ষাৎ কিনা জানতে চাইলে, কর্তা বা কোচের তরফে কোনো বার্তা পাননি জানিয়ে অবাক করা উত্তর মেলে তাঁর তরফে। চার্লস বলেন, 'দল ছাড়া নিয়ে কোনো কথা তো কেউ আমাকে বলেনি। কর্তা বা কোচ কেউই কিছু বলেননি। বরং আমার ভাবনায় আপাতত আইজল ম্যাচ।' চার্লস মুখে যাই বলুন, দলের অন্যতম শীর্ষকর্তা শহরে এলেই তাঁর সঙ্গে গোল্ডেন-হ্যান্ডসেকের পর্বটা সেরে ফেলবে লাল-হলুদ শিবির। কারণ ইতিমধ্যেই ভিসা হাতে পেয়ে গিয়েছেন ড্রুডু ওমাগবেমি। তিনি সম্ভবত শুক্রবারই ভারতে আসার বিমানে উঠে পড়তে চলেছেন। সেক্ষেত্রে আইজল ম্যাচে দলের সঙ্গে থাকলেও মাঠে নামবেন না। ডার্বিতেই শুরু হবে লাল-হলুদ জার্সি গায়ে তাঁর দ্বিতীয় ইনিংস। এদিকে, গ্যাব্রিয়েল ফার্নান্ডেজ ও রিচার্ড কোস্টাকে রিলিজ করে দিল লাল-হলুদ। তাঁরা চার্চিল ব্রাদার্সে যোগ দেবেন।

ছাঁটাই করা হল ক্রোমাকে

র‌্যান্টির সমস্যা মেটেনি, আক্রম মোগরাবিকে নিচ্ছে বাগান

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি ঃ মোহনবাগানের নতুন বিদেশি আক্রম মোগরাবি। তিনি ফ্রি ফুটবলার। তাই ভিসা হলেই চলে আসতে অসুবিধা হবে না তাঁর। কর্তারা আশা করছেন, আগামী সপ্তাহেই চলে আসছেন আক্রম। লেবাননের এই ফুটবলার এর আগে এদেশে খেলে গিয়েছেন চার্চিল ব্রাদার্সের হয়ে। সেবার ১৮ ম্যাচে তাঁর করা ১০ গোল গোয়ার দলটির চ্যাম্পিয়ন করার ক্ষেত্রে বড়ো সাহায্য করে। তাঁকে নিয়ে এসেছিলেন সেসময়ের চার্চিল টিডি সুভাষ ভৌমিক। এবারও তিনিই শিষ্য শংকরলাল চক্রবর্তীকে এই আক্রমের সন্ধান দেন। তবে ২০১৬ সালের পর আর কোথাও খেলেননি আক্রম। শেষ খেলেছিলেন বেইরুটের নেজমে এসিতে। এই ক্লাবেই ২০০২ থেকে ১২ অবধি তিনি খেলেন। তবে তাঁকে নিয়ে এদিন প্রকাশ্যে কোথাও মুখ খোলেননি বাগান কর্তারা।

এদিকে, গত রাতে হারের পরই বোঝা গিয়েছিল, দলে আর জায়গা হচ্ছে না ক্রোমার। একদিনের মধ্যেই চিত্রটা পরিষ্কার হয়ে গেল। বিশৃঙ্খল জীবনযাপন এবং খারাপ পারফরম্যান্সের জন্য ছাঁটাই হয়ে গেলেন আনসুমানা ক্রোমা। তাঁর পরিবর্ত হিসেবে কাকে নিতে চলেছে মোহনবাগান, তা নিয়ে অবশ্য এদিনও জল্পনা অব্যাহত। কারণ সারাদিন আলোচনার পরেও পরবর্তী বিদেশির নাম জানাতে পারলেন না শহরে থাকা কর্তারা। সহসচিব সৃঞ্জয় বসু অবশ্য শহরের বাইরে, তাই তাঁর সঙ্গে টেলিফোনেই আলোচনা করে নেন দেবাশিস দত্ত, উত্তম সাহা, সঞ্জয় ঘোষরা। এদিন মোহনবাগানের তরফে অর্থসচিব দেবাশিস দত্ত জানিয়ে দেন, 'আমরা ক্রোমাকে ছেড়ে দিলাম। ডিকাকে আপাতত রাখা হচ্ছে। আগেই বলেছিলাম মোহনবাগানের জন্য যা কিছু ভালো তার জন্য চেষ্টা করা হবে। আপাতত একজন ভালো স্ট্রাইকারের সন্ধানে আছি। যাতে আগামী ম্যাচগুলো দুই স্ট্রাইকারে খেলা যায়।' ক্রোমার উত্তরসুরি কে হতে পারেন তা নিয়ে গত রাত থেকেই চলছিল জল্পনা। প্রথমেই কর্তারা র‌্যান্টির জন্য চেষ্টা করেন। কিন্তু তার এখনও আমেরিকায় গ্রিনকার্ডজনিত কিছু সমস্যা থাকায় তাঁকে নেওয়া শেষপর্যন্ত সম্ভব হয়নি। তাছাড়া তাঁর বয়স নিয়েও ক্লাবের কার্যকরী কমিটির কিছু সদস্য প্রশ্ন তোলেন। এছাড়াও কথা বলা হয় গত মরশুমে খেলে যাওয়া ড্যারেল ডাফি, ডু ডং, এমেকা এবং ফিকরুর সঙ্গেও। এদের মধ্যে ডাফি এবং এমেকার জন্য তাদের ক্লাব ট্রান্সফার ফি দাবি করে। যা মোহনবাগান দিতে রাজি হয়নি। আর ডং এই মুহূর্তে মালয়েশিয়ার একটি ক্লাবের সঙ্গে চুক্তিবদ্ধ। এছাড়া ফিকরুরও আর্থিক দাবি ছিল বিশাল। বিদেশি নির্বাচন নিয়ে এদিন প্রশ্ন করা হলে দেবাশিস দত্ত বলেন, 'জানি অনেকেই প্রশ্ন করছেন আমাদের বিদেশি নির্বাচন নিয়ে। কিন্তু আই লিগের সর্বোচ্চ গোলদাতা এবং চার্চিলের হয়ে কলকাতার দুই প্রধানকে ঝামেলায় ফেলা দুই বিদেশিকে নেওয়া যদি আমাদের ব্যর্থতা হয় তাহলে তাই।'

একইভাবে টেকনিকাল ডিরেক্টর হিসেবে এখনই নেওয়া হচ্ছে না অ্যাশলে ওয়েস্টউডকে। প্রথমত, তাঁকে নিয়োগে আপত্তি করেছেন ক্লাবের সহসচিব সৃঞ্জয় বসু। যেহেতু আগামী মরশুমে মোহনবাগান আইএসএল খেলার চেষ্টা করছে তাই এখন আর তাদের সঙ্গে কোনোভাবেই সমস্যা তৈরি করা নিয়ে আপত্তি করেন তিনি। ওয়েস্টউডের কুখ্যাত মেজাজও তাঁর বিপক্ষে গেছে। এটিকে কর্তারাও বিভিন্ন কারণে এই ইংরেজ কোচের উপর বিরক্ত। মোহনবাগানে এসেও সেই একই ধরনের কাজ ওয়েস্টউড করতে পারেন বলে যুক্তি দেওয়া হয়েছে। তার থেকেও বড়ো কথা, ওয়েস্টউড নিয়ম অনুযায়ী আইএসএলে কোচিং করাতে পারবেন না। যার অর্থ তাঁকে নিলে পরের মরশুমে ফের নতুন কোচ খুঁজতে হবে। এদিকে, এদিন ফিজিক্যাল ট্রেনারের কাছে সনি এবং ইউতা দুজনেই অনুশীলন করেন। দেবাশিস দত্ত এই দুজন প্রসঙ্গে জানান, 'সনি ডার্বিতে খেলবে। আর ইউতার ফিট হতে আরও ১৫ দিন লাগবে। ফলে ও বড়ো ম্যাচে খেলতে পারছে না। আশা করা হচ্ছে, পরের ম্যাচটা পারবে।' মুখে একথা বললেও পুরো ফিট না হলে দুজনকেই মাঠে না নামানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে ক্লাবের তরফে।

ফ্রেঞ্চ কাপের সেমিতে সাঁ জাঁ

পেনাল্টিতে গোলের পর বুট নিয়ে কেরামতি নেইমারের।

প্যারিস, ১১ জানুয়ারি ঃ চলতি মরশুমে বিশ্বের সবচেয়ে দামি আক্রমণভাগ গড়ার পর থেকেই তাদের বিজয়রথ অপ্রতিরোধ্য গতিতে ছুটছে। লিগ ওয়ানে ১৯ ম্যাচে ৫০ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে থাকা মোনাকোকে অনেকটাই পিছনে ফেলে দিয়েছে তারা। এবার সেই ধারাবাহিকতা বজায় রেখে ফ্রেঞ্চ কাপের সেমিফাইনালে পৌঁছে গেল প্যারিস সাঁ জাঁ। বুধবার রাতে তারা ২-০ গোলে অ্যামিয়েন্সকে হারিয়েছে। এরফলে ঘরোয়া লিগে টানা ৩৫টি ম্যাচ জয়ের অনবদ্য রেকর্ড গড়ল উনাই এমরির ব্রিগেড। স্ট্রাইকিং লাইনের অন্যতম তারকা এডিনসন কাভানি এদিন না থাকলেও আক্রমণের কোনো অভাব সাঁ জাঁর খেলায় দেখা যায়নি। ৩৪ মিনিটে অ্যামিয়েন্সের গোলরক্ষক রেগিস গার্টনারের লালকার্ড দেখে বেরিয়ে যাওয়াটা প্যারিসের দলটির কাজ অনেকটা সহজ করে দেয়। যার ফলে প্রথমার্ধেই অন্তত দুবার এগিয়ে যেতে পারত সাঁ জাঁ। তবে ৫৩ মিনিটেই স্কোরলাইন ১-০ করেন ব্রাজিলিয়ান ওয়ান্ডার কিড নেইমার। পেনাল্টি থেকে গোল করতে ভুল হয়নি সেলেকাও অধিনায়কের।

এর কিছুক্ষণ বাদেই কিলিয়ান এমবাপের শট দুরন্ত সেভ করেন অ্যামিয়েন্সের বদলি গোলরক্ষক জিন-ক্রিস্টোফি বুয়েট। মারকুইনোসের শটও পোস্টে প্রতিহত হয়। কিন্তু ৭৮ মিনিটে অ্যাঞ্জেল ডি মারিয়ার ক্রস থেকে অ্যান্দ্রে র‍্যাবিওর গোল প্যারিসের জন্য শেষ চারের টিকিট নিশ্চিত করে।

চোটের জন্য দলের সঙ্গে গেলেন না রবি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১১ জানুয়ারি ঃ মাস দুয়েক আগের থেকে পরিস্থিতি কত আলাদা! সেসময় টেডি শেরিংহ্যামকে নিয়ে ফ্র্যাঞ্চাইজি কর্তা থেকে সংবাদমাধ্যম সকলেরই বাড়তি আদিখ্যেতা। হবে নাই বা কেন? এমনিতেই অ্যাটলেটিকো মাদ্রিদের সঙ্গে বিচ্ছেদের পর মানসিক চাপ থেকে বেরিয়ে আসার জন্য একটা বড়ো নাম প্রয়োজন ছিল এটিকে কর্তাদের। ফুটবলার টেডি শেরিংহ্যাম নিশ্চিতভাবেই সেই শর্ত পূরণ করেন। তাঁর ফুটবল কেরিয়ার যা তাতে সংবাদমাধ্যমেরও তাঁর সম্পর্কে উৎসাহ দেখানোর কারণ যথেষ্ট। কিন্তু কোচ হিসেবে তাঁর যে অতীত বলে কিছুই নেই তা তখন হিসেব কষে দেখা হয়নি। তবু হয়তো তিনি কিছু করে দেখাতে পারতেন যদি তাঁর হাতে একটা ঠিকঠাক দল তুলে দেওয়া হত। কিন্তু সেটাও না পারার জন্যই শেরিংহ্যামকে নিয়ে মধুচন্দ্রিমা শেষ হয়ে গেল মাত্র দু-মাসের মধ্যেই। এমনই অবস্থা যে, হতাশায় এটিকের হেড কোচ আর সংবাদমাধ্যমের সামনেও আসছেন না। আগের ম্যাচেই বেঙ্গালুরু এফসির বিরুদ্ধে ফের হারতে হয়েছে এটিকেকে। ইতিমধ্যেই রবি কিনকে নিয়ে দলে ফের গুঞ্জন, তিনি নাকি এই নতুন ট্রান্সফার উইন্ডোতে রওনা দিতে পারেন তাঁর জীবনের প্রথম ক্লাব উলভসে। যা শুনে মাথাখারাপ অবস্থা টিম ম্যানেজমেন্টের। কারণ, দলে যদি কেউ সত্যিই প্রতিপক্ষকে বেগ দেওয়ার মতো খেলে থাকেন তাহলে সেটা আয়ারল্যান্ডের এই মহাতারকাই। কিন্তু ঘটনা হল তিনি যাচ্ছেন কি যাচ্ছেন না সেটা পরের ব্যাপার। আপাতত শুক্রবারের ম্যাচে যে তিনি নেই তা নিশ্চিত। চোটের জন্য দলের সঙ্গেই যাননি কিন। এরইমধ্যে সুখের কথা, শুক্রবার যাদের বিরুদ্ধে খেলা সেই নর্থ-ইস্ট ইউনাইটেডের অবস্থাও মোটেই ভালো নয়। তাদের তো ইতিমধ্যেই কোচ বদলও হয়ে গিয়েছে। পরামর্শদাতা হিসেবে জন আব্রাহাম নিয়ে এসেছেন চেলসির প্রাক্তন অ্যাব্রাম গ্র্যান্টকে। একই সঙ্গে সহকারী হিসেবে এসেছেন ভারতীয় ফুটবলে পরিচিত মুখ এলকো শাতোরি। এদিন এটিকের সহকারী কোচ বাস্তব রায় বলেন, 'আমাদের কাছে এখন সবই মাস্ট উইন গেম। একই অবস্থা নর্থ-ইস্টেরও। আশা করছি কাল আমাদের পক্ষে দিনটা ভালো যাবে।' তিনি মনে করেন, এখনও লিগ ওপেন। বাস্তবের বক্তব্য, 'টানা তিন-চারটে ম্যাচ জিতলে আমরাও ফের নকআউটে যাওয়ার দৌড়ে ঢুকে পড়ব।' শেষপর্যন্ত রবি কিন না থাকায় এটিকে সত্যিই কতটা ঘুরে দাঁড়াতে পারে সেটাই দেখার।

'মা' সেরেনার চ্যালেঞ্জ

ওয়াশিংটন, ১১ জানুয়ারি ঃ এখনও পুরোদমে সার্কিটে ফিরতে পারেননি। কয়দিন আগেই সরে দাঁড়িয়েছেন অস্ট্রেলিয়ান ওপেন থেকে। তাও প্রতিপক্ষ টেনিস খেলোয়াড়দের উদ্দেশে চ্যালেঞ্জ ছুড়ে রাখলেন সেরেনা উইলিয়ামস। মা হওয়ার জেরে বছরখানেক কোর্টের বাইরে রয়েছেন ২৩বারের গ্র্যান্ডস্ল্যাম বিজয়ী। কিন্তু এক সাক্ষাৎকারে সেরেনা পরিষ্কার জানিয়ে রেখেছেন, গ্র্যান্ডস্ল্যামের ঝুলি আরও ভরিয়ে তুলতেই কোর্টে ফিরবেন তিনি। আর মা হওয়ার পরে যেন নিজেকে আরও ভালো খেলোয়াড় মনে করছেন তিনি। সেরেনা জানিয়েছেন, 'মা হওয়াটা খেলোয়াড় হিসেবে আখেরে আমাকে সাহায্য করেছে। উদ্‌বেগের জেরে কখনও কখনও ম্যাচে ভুল করে বসতাম। অলিম্পিয়া জন্মানোর পর থেকে অনেকটা উদ্‌বেগ কমে গিয়েছে। তবে আরও গ্র্যান্ডস্ল্যাম জিততে চাই।' ৩৬ বছরের সেরেনা ইঙ্গিতও দিয়ে রেখেছেন ২৫টা গ্র্যান্ডস্ল্যাম জিততে চান তিনি। কারণ, এখনও পর্যন্ত অস্ট্রেলিয়ান গ্রেট মার্গারেট কোর্টের ২৪টা গ্র্যান্ডস্ল্যাম জয়ই ব্যক্তিগত ক্ষেত্রে সর্বোচ্চ।

'বিদায়' ওয়াকা

পারথ, ১১ জানুয়ারি ঃ নতুনের আগমনে পুরোনোর বিদায়। ঐতিহাসিক ওয়াকা স্টেডিয়ামে বন্ধ হয়ে যাচ্ছে আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচের আসর। পারথে নতুন উন্নতমানের স্টেডিয়াম গড়ে ওঠার জেরে এরপর থেকে ম্যাচ স্থানান্তরিত হয়ে যাবে সেখানে। আর ঐতিহাসিক ওয়াকা শুধুমাত্র ব্যবহার হবে ঘরোয়া ক্রিকেটের ম্যাচের জন্য। পশ্চিম অস্ট্রেলিয়ার পারথে ৫০ হাজার দর্শকাসন বিশিষ্ট নবনির্মিত স্টেডিয়াম ২৮ জানুয়ারি থেকে পথচলা শুরু করবে। অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের বিরুদ্ধে একদিনের ম্যাচ দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটের মানচিত্রে স্থান করে নেবে স্টেডিয়ামটি। ক্রিকেট অস্ট্রেলিয়ার সিইও জেমস সান্ডারল্যান্ড জানিয়েছেন, 'পশ্চিম অস্ট্রেলিয়ার ক্রিকেটপ্রেমীদের কাছে এই স্টেডিয়াম এক অনন্য উপহার হতে চলেছে। আমরা সবাই ২৮ জানুয়ারির অস্ট্রেলিয়া-ইংল্যান্ড ম্যাচের দিকে তাকিয়ে রয়েছি।' ইতিমধ্যে আইসিসি ম্যাচ রেফারি রিচি রিচার্ডসন স্টেডিয়াম পরিদর্শনের পরে 'বিশ্বমান'-এর তকমা দিয়েছেন।

অলরাউন্ড পারফরম্যান্সে উজ্জ্বল শচীন-পুত্র অর্জুন

সিডনি, ১১ জানুয়ারি ঃ বাপ কা বেটা, সিপাহি কা ঘোড়া। কুছ নেহি তো থোরা থোরা। অলরাউন্ড পারফরম্যান্সের জেরে শিরোনামে অর্জুন তেন্ডুলকার। সিডনি ক্রিকেট গ্রাউন্ডে স্পিরিট অফ ক্রিকেট গ্লোবাল প্রতিযোগিতায় নজর কাড়ছেন শচীন-পুত্র। হংকং ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে ক্রিকেট ক্লাব অফ ইন্ডিয়ার হয়ে ব্র্যাডম্যান ওভালে আয়োজিত টি ২০ ম্যাচে ব্যাট ও বল হাতে নজরকাড়া পারফরম্যান্স মেলে ধরেছেন অর্জুন। প্রথমে ব্যাটিংয়ের সময়ে ২৭ বলে ৪৮ রানের ঝোড়ো ইনিংস ও পরে বল হাতে ৪ উইকেট নিয়ে দলের জয় নিশ্চিত করেন তিনি। ম্যাচের পরে ১৮ বছরের অর্জুন জানিয়েছেন, 'ব্র্যাডম্যানের নাম জড়িয়ে থাকা মাঠে ভালো পারফরম্যান্স করতে পারাটা সৌভাগ্য।' মাস্টার ব্লাস্টার ব্যাট হাতে দীর্ঘদিন বিশ্বশাসন করলেও অর্জুন বোলিংকে নিজের কেরিয়ার করার পথে এগিয়েছেন। বাঁ হাতি পেসার অর্জুন ব্যাটটাও মোটামুটি করতে পারেন, ক্রিকেট সার্কিটে তাঁর পরিচিতি এভাবেই। বোলিংকে বেছে নেওয়ার কারণ হিসেবে অর্জুন জানান, 'বড়ো হওয়ার সঙ্গে সঙ্গে আমার চেহারাও ভালোমতো বিকশিত হতে থাকে। ভারতে খুব বেশি ভালো পেস বোলার না থাকায় বোলিং করাটাকেই শুরু থেকে প্রাধান্য দিয়েছি।' শচীনের ছেলে হওয়ার জেরে প্রত্যাশার পাহাড় যে তাঁর উপরে রয়েছে, সেটা ভালোমতোই জানেন অর্জুন। তাও ছয়ফুটের উঠতি এই পেসারের আত্মবিশ্বাসী উত্তর, 'কোনোরকম চাপ মোটেই বোধ করি না। যখন বল করি তখন প্রত্যেকটা বল যতটা জোরে সম্ভব পিচে ফেলাটাই আমার একমাত্র লক্ষ্য থাকে। ব্যাট করার সময়েও প্রত্যেকটা বল দেখে শট নির্বাচন করি, আর দ্রুত কাদের বিরুদ্ধে চালিয়ে খেলব সেটা টার্গেট করে নিই।' ঘরোয়া ক্রিকেটে নজর কাড়ার পাশাপাশি গত জুলাইয়ে নেট বোলার হিসেবে শিরোনামে স্থান পেয়েছিলেন অর্জুন। ইংল্যান্ডের নেটে তাঁর বিষাক্ত ইয়র্কারের জেরে তৎক্ষণাৎ নেট ছেড়ে বেরিয়ে চিকিৎসকের পরামর্শ নিতে বাধ্য হয়েছিলেন উইকেটরক্ষক ব্যাটসম্যান জনি বেয়ারস্টো। অসি বাঁ হাতি পেসার মিচেল স্টার্ক ও ইংল্যান্ডের অলরাউন্ডার বেন স্টোকসকে তাঁর আদর্শ হিসেবে মানেন অর্জুন।

আন্তঃজেলা মহিলা ক্রিকেটে শেষ চারে ওঠার পর শিলিগুড়ির মেয়েরা। -সূত্রধর

সেমিতে শিলিগুড়ির মেয়েরা

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ আন্তঃজেলা মহিলা ক্রিকেট লিগে সেমিফাইনাল রাউন্ডে যোগ্যতা অর্জন করল শিলিগুড়ি। বৃহস্পতিবার অবশিষ্ট জেলা একাদশের বিরুদ্ধে তাদের জয় আসে ১২৭ রানে। তরাই স্কুল মাঠে টসে জিতে শিলিগুড়ি ৩৬ ওভারে ৮ উইকেটে ২০০ রান করে। পূজা আগরওয়াল ৬৯ বলে রেখে আসেন ৭৬ রান। দেবযানী সাহার অবদান ৪৬ রান। জবাবে অবশিষ্ট জেলা ৩২ ওভারে ৭৩ রানে গুটিয়ে যায়। তাদের সর্বোচ্চ ১৬ রান সংগীতা মুর্মুর। ভালো বোলিং করেছেন অরুণা বর্মন (৮-২), কাকলি সিংহ (৯-২) ও পূজা অধিকারী (২৯-২)। ৩-৮ ফেব্রুয়ারি উত্তর দিনাজপুরে সেমিফাইনাল রাউন্ড খেলবে শিলিগুড়ি।

বার্ষিক ক্রীড়া

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১১ জানুয়ারি ঃ অমরপতি লায়ন্স সিটিজেন্স পাবলিক স্কুলের বার্ষিক ক্রীড়া শুক্রবার অনুষ্ঠিত হবে। স্কুলের ম্যানেজিং কমিটির সচিব দীপক গোয়েল জানিয়েছেন, স্কুলের মাঠে অনুষ্ঠেয় আসরে ৩৫ ইভেন্টে ছয় শতাধিক প্রতিযোগী অংশ নেবে।

দুর্ঘটনায় মৃত এশিয়াডে পদকজয়ী

পাতিয়ালা, ১১ জানুয়ারি ঃ মর্মান্তিক গাড়ি দুর্ঘটনায় মারা গেলেন ১৯৭৪ সালের তেহরান এশিয়ান গেমসে জোড়া ব্রোঞ্জজয়ী কুস্তিগির সুখচেন সিং চিমা। পাতিয়ালায় বুধবার সন্ধ্যায় ঘটনাটি ঘটে। তিনি নিজের ফার্ম থেকে ভানরি গ্রামে ফেরার সময় সেরমারজা চকের কাছে উলটোদিক থেকে আসা একটি গাড়ি সুখচেনের গাড়িতে ধাক্কা মারে। প্রত্যক্ষদর্শীরা তাঁকে হাসপাতালে নিয়ে গেলেও বাঁচানো যায়নি দ্রোণাচার্য পুরস্কারপ্রাপ্ত এই কুস্তিগিরকে। সুখচেন তেহরানে ফ্রিস্টাইল ও গ্রিকো-রোমান ক্যাটিগোরিতে জোড়া ব্রোঞ্জ জিতেছিলেন। তাঁর পুত্র তথা অর্জুন পুরস্কারপ্রাপ্ত অলিম্পিয়ান পালবিন্দার সিং চিমা ২০০২ সালের কমনওয়েলথ গেমসে সোনা জিতেছিলেন। সুখচেনের মৃত্যুতে গভীর শোকপ্রকাশ করেছেন পঞ্জাবের পর্যটনমন্ত্রী তথা প্রাক্তন ক্রিকেটার নভজ্যোৎ সিং সিধু।

২০২০ পর্যন্ত রিয়ালেই জিদান

মাদ্রিদ, ১১ জানুয়ারি ঃ চলতি মরশুমে লা লিগা প্রায় হাতছাড়া হয়ে গিয়েছে রিয়াল মাদ্রিদের। চ্যাম্পিয়ন্স লিগ ধরে রাখতে না পারলে আরও মুখ পুড়বে গ্যালাকটিকোস শিবিরের। দিনদুয়েক আগে রিয়ালে নিজের শেষের শুরুর প্রমাদ গুনেছিলেন রিয়ালের কোচ জিনেদিন জিদান। কিন্তু আগামী ২০২০ সাল পর্যন্ত তাঁকেই কোচের হটসিটে রেখে দেওয়ার সিদ্ধান্ত নিল রিয়াল কর্তৃপক্ষ। বুধবার ক্লাবের তরফে তাঁর চুক্তি বৃদ্ধির কথা জানানো হয়েছে। আগামী দু-বছর স্যান্টিয়াগো বার্নাব্যুতে থাকা নিশ্চিত হলেও খুব একটা উচ্ছ্বাস জিজুর গলায় শোনা যায়নি। বলেছেন, 'আমি আগামী ১০ বছর রিয়ালের কোচের পদে যে থাকব না সেটা আমি জানি। কেননা ক্লাবের বর্তমান পরিস্থিতি সম্পর্কে আমি ওয়াকিবহাল। এমনকি এই নতুন চুক্তিটাও হয়তো আমাকে বাঁচাতে পারবে না।'

জিতল গোয়া

ফতোরদা, ১১ জানুয়ারি ঃ চতুর্থ আইএসএলে বৃহস্পতিবার ঘরের মাঠে এফসি গোয়া ২-১ গোলে জামশেদপুর এফসি-কে হারিয়েছে। প্রথমার্ধের স্টপেজ টাইমে পেনাল্টি থেকে ম্যানুয়েল ল্যানজারোতের গোলে এগিয়ে যায় গোয়া। ৫৪ মিনিটে খেলায় সমতা ফেরান ম্যাথিউস ত্রিনদাদে। ৬০ মিনিটে ল্যানজারোতের দ্বিতীয় গোল ৩ পয়েন্ট এনে দেয় গোয়াকে। ৯ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে গোয়া চতুর্থ স্থানে উঠে এল।

পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে
পশ্চিমবঙ্গ সরকারের **যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তরের** উদ্যোগে

'খেলাশ্রী'
প্রকল্পের অধীনে

রাজ্যের কৃতী ক্রীড়াবিদদের সম্মাননা জ্ঞাপন অনুষ্ঠান
এবং রাজ্যে খেলাধুলা ও ক্রীড়া পরিকাঠামো উন্নয়নের জন্য
আর্থিক অনুদান প্রদান

২০১১-১২ আর্থিক বছর থেকে চালু হওয়া এই কর্মসূচির মাধ্যমে রাজ্যের বিভিন্ন ক্লাবকে ক্রীড়া প্রতিযোগিতা, ক্রীড়া প্রতিভা অন্বেষণ, ক্রীড়া প্রশিক্ষণ প্রভৃতির জন্য এবং ক্লাবগুলির কিছু স্থায়ী সম্পদ সৃষ্টি যেমন ক্রীড়া সরঞ্জাম ক্রয়, ক্রীড়া সরঞ্জামগুলি রাখার জন্য কক্ষ নির্মাণ প্রভৃতির জন্য প্রথম বছর ২ লক্ষ টাকা এবং পরবর্তী ৩ বছর ১ লক্ষ টাকা হারে আর্থিক অনুদান দেওয়া হচ্ছে।

এ বছর এই সম্মাননা জ্ঞাপন ও আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠান আয়োজিত হবে
২৪ জানুয়ারি, ২০১৮-নতুন ক্লাবের চেক প্রদান (উত্তর ২৪ পরগনা ও হাওড়া জেলা ব্যতীত)
২৭ জানুয়ারি, ২০১৮-১ লক্ষ টাকা করে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের চেক প্রদান
১১ ফেব্রুয়ারি, ২০১৮-উত্তর ২৪ পরগনা ও হাওড়া জেলার চেক প্রদান
স্থানঃ নেতাজি ইন্ডোর স্টেডিয়াম ও ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্র, কলকাতা
সময়ঃ সকাল ১০টা

ইতিপূর্বে অনুদান প্রাপ্ত ক্লাবগুলির ইউটিলাইজেশন সার্টিফিকেট (ইউ.সি.)
জমা দেওয়ার শেষ তারিখঃ ১৯ জানুয়ারি, ২০১৮

অনুষ্ঠানে বহু বিশিষ্ট ক্রীড়াবিদসহ
বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত থাকবেন।

যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার
আই সি এ- ১২১(১৫)/২০১৮